তারিখ ... 28/1/82
পৃষ্ঠা ...

## ডিপ্লোমা-ইন-কমার্স প্রাপ্তদের কথা

বাংলাদেশ টেকনিক্যাল এডুকেশন বোর্ডের নিয়ন্ত্রণাধীন দেশের সকল পলিটেকনিক ইনস্টিটিউটে দুই বৎসর মেয়াদী 'ডিপ্লোমা–ইন-কমার্স' নামক একটি বিভাগ আছে। এই বিভাগ সরকার কর্তৃক যথারীতি এইচএসসি সমমান হিসাবে স্বীকৃত। এই বিভাগে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা এইচএসসি পাশের সমমান হিসাবে সরকারী/আধাসরকারী, স্বায়ত্ত-




শাসিত ও বিভিন্ন সংস্থায় চাকরি পেয়ে থাকে। তাছাড়া তারা দেশের সকল কলেজে বা বিশ্ববিদ্যালয়ে বিএবিকম পাস বা অনার্সে ভর্তি হতে পারে। কিন্তু তারা প্রাইভেট ডিগ্রী পরীক্ষা দিতে পারে না। অথচ, মাদ্রাসা বা অন্য সব শিক্ষা-প্রতিষ্ঠানের এইচএসসি সমমান ছাত্র-ছাত্রীরা 'মাইগ্রেশন সার্টিফিকেট' দাখিল সাপেক্ষে ডিগ্রী প্রাইভেট পরীক্ষা দিতে পারে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এতে কোন অসুবিধা হয় না।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রচারিত বহিরাগত প্রার্থী হিসাবে ডিগ্রী (বিএবিকম পাস) পরীক্ষায় অংশগ্রহণের নিয়মাবলীতে ২। (ক) ধারায় বর্ণিত আছে, কোন সরকারী আধাসরকারী/স্বায়ত্তশাসিত অথবা স্থানীয় সংস্থায় চাকরিরত প্রার্থীরা, বিরতিহীনভাবে তিন বৎসর যাবৎ বেতনভুক কর্মচারী/কর্মকর্তা এই মর্মে অফিস প্রধানের সার্টিফিকেট দাখিলকারীরা প্রাইভেট ডিগ্রী পরীক্ষা দিতে পারিবে। অথচ, এই ধারায় পড়েও ডিপ্লোমা–ইন-কমার্স উত্তীর্ণ প্রার্থীরা প্রাইভেট ডিগ্রী পরীক্ষা দিতে পারে না উচ্চ শিক্ষা লাভের স্পৃহা তাদের যতই থাক না কেন। কিন্তু প্রাইভেট পরীক্ষা দিয়ে নিম্ন শ্রেণী থেকে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ডিগ্রী লাভ করেছেন কিন্তু দেশে এমন ব্যক্তি খুঁজে পেতে খুব কষ্ট হবে কি?

দেশের সিটি শহর ছাড়া নৈশ মহাবিদ্যালয় নাই। তাই যারা চাকরি বা অন্য কোন পেশায় নিয়োজিত, অথচ উচ্চশিক্ষানুরাগী, সিটি বহির্ভূত শহর বা দেশের অন্য সব অঞ্চলে তারা কি করবে? তাদের ভাগ্যে কি উচ্চ শিক্ষা লাভ কখনো ঘটবে না? বিশেষ করে ডিপ্লোমা-ইন–কমার্স পাশ করা প্রার্থীরা যখন এইচএসসির সমমান হিসাবে স্বীকৃত, তখন তারা শুধু ডিগ্রী প্রাইভেট পরীক্ষা দিতে পারবেন না কেন?

এসব প্রশ্ন গুরুত্বের সাথে বিবেচনা করে সহানুভূতিমূলক সিদ্ধান্ত নেয়ার জন্যে সংশ্লিষ্ট বিভাগের প্রতি আবেদন জানাচ্ছি।

এস কে এম নাজিমউদ্দীন,
স্টেনো,
সহকারী কৃষি পরিচালক
কুষ্টিয়া, যশোর অঞ্চল, কুষ্টিয়া।